# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৪ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

বিষয় ঃ এইচএসসি (বিএম ও ভোক), ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০১৮ এর কেন্দ্র তালিকা ও পরীক্ষার সময়সূচি প্রেরণ প্রসংঙ্গে।

আগামী ০২-০৪-২০১৮ তারিখ হতে দেশব্যাপী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম ও ভোক),ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা আরম্ভ হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য নির্বাচিত পরীক্ষা কেন্দ্রের একটি তালিকা ও এক কপি পরীক্ষার সময়সূচি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসংঙ্গে প্রেরণ করা হ'ল।

স্বাক্ষরিত/-
(ড.সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

প্রাপক ঃ

জেলা প্রশাসক

..........................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৪(২১৩৪) তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]

২-৪৬৪। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................................................................

৪৬৫-২১৩২। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ..........................................................................................

২১৩৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২১৩৪। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

**Website : www.bteb.gov.bd**


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৫ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

## পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তার পালনীয় ঃ

১। দ্বাদশ শ্রেণী (এইচএসসি বিএম, এইচএসসি ভোক ও ডিপ্লোমা-ইন-কমার্স) ঃ

(ক) **(Litho Top) ও উত্তরপত্র প্রেরণ** ঃ বিষয় ও বর্ষভিত্তিক পৃথক পৃথক ভাবে অনূর্ধ্ব ২০০ টি উত্তরপত্রের কভার পৃষ্ঠার ছেঁড়া ১ম অংশ (Litho Top) রোল নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে বোর্ড প্রদত্ত করোগেটেড বাক্সে প্যাকেট করে সাদা কাপড়ের মোড়কে পরীক্ষা শেষ হওয়ার অব্যবহিত পর ঐ দিনই ডাকযোগে বোর্ডে নিম্নের নির্দেশনা অনুযায়ী প্রেরণ করতে হবে ঃ

** কাপড়ের মোড়কের উপরে কেন্দ্র কোড,বর্ষ, বিষয়ের নাম ও কোড, পার্সেলের তারিখ, সকালে পরীক্ষা হলে 'সকাল', এবং বিকালে পরীক্ষা হলে 'বিকাল' পাঠযোগ্য মোটা অক্ষরে লিখতে হবে।*

*** নিয়মিত ও অনিয়মিত (নতুন সিলেবাস) এবং অনিয়মিত (পুরাতন সিলেবাস) পরীক্ষার্থীদের উত্তরপত্র ও লিথোটপ আলাদা আলাদা প্যাকেট/বান্ডেল করে বোর্ডে পার্সেল করতে হবে।**

* কোন অবস্থাতেই একাধিক বিষয়/একই বর্ষের/একই বিষয় নতুন ও পুরাতন সিলেবাসের উত্তরত্রের লিথোটপ একত্রে মোড়ক ও পার্সেল করা যাবে না।

(খ) শিরোনামপত্র তৈরি ঃ প্রতি বর্ষের প্রতি বিষয়ের প্রতিটি প্যাকেটের জন্য ৪ (চার) কপি করে শিরোনামপত্র তৈরী করতে হবে। এতে অনুচ্ছেদভিত্তিক উপস্থিত, অনুপস্থিত, বহিস্কৃত/অভিযুক্ত পরীক্ষার্থীদের রোল নম্বরসমূহ এবং ভুল বৃত্ত ভরাটকৃত পরীক্ষার্থীদের রোল নম্বরসমূহ স্পষ্টভাবে লিখতে হবে। শিরোনামপত্রের ১ম কপি উত্তরপত্রের ১ম অংশের (Litho Top) প্যাকেটের ভেতর, ২য় কপি ১ম অংশের (Litho Top) করোগেটেড বক্সের বাইরে আঠা দিয়ে লাগাতে হবে। পরীক্ষা শেষে প্রতি বিষয়ের শিরোনামপত্রের এক কপি করে নিয়ে একটি সেট হাজিরা শিটের সাথে বোর্ডের বিএম শাখায় দাখিল করতে হবে। ৪র্থ কপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে। ***উল্লেখ্য, উত্তরপত্রের প্যাকেটের ভেতর কোন শিরোনামপত্র দেয়া যাবে না।*** প্রয়োজনে হাজিরাসিটের ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

(গ) বহিস্কৃত উত্তরপত্র প্রেরণ ঃ বহিস্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র বোর্ড প্রদত্ত বহিস্কার সংক্রান্ত ফরম ১, ২ ও ৩ যথাযথভাবে পূরণ করে সম্পূর্ণ আলাদা প্যাকেটে আবশ্যকীয় সীলগালাসহ ডাকযোগে ঐ দিনই বোর্ডে প্রেরণ করতে হবে। প্যাকেটের উপরে লাল মোটা কালিতে বহিস্কার, বহিস্কৃত বিষয়ের নাম ও কোড, কেন্দ্র, বর্ষ এবং প্রতিষ্ঠান কোড লিখতে হবে। বহিস্কৃত পরীক্ষার্থীর বাতিলকৃত উত্তরপত্রের সাথে অবশ্যই বহিস্কারের প্রমাণাদি (প্রযোজ্য ক্ষেত্রে) সংযোজন করতে হবে। পরিদর্শীকে বহিস্কারের প্রমাণাদিতে স্বাক্ষর দিয়ে এবং লেখায় মিল থাকলে উত্তরপত্র ও নকলে লাল কালিতে আন্ডার লাইন করে উত্তরপত্রের সাথে সংযোজন করতে হবে।

২। একাদশ শ্রেণী ঃ

(ক) **(Litho Top) ও উত্তরপত্র প্রেরণ** (এইচএসসি বিএম ও ডিপ্লোমা-ইন-কমার্স) ঃ বিষয় ও বর্ষভিত্তিক পৃথক পৃথক ভাবে অনূর্ধ্ব ২০০ টি উত্তরপত্রের কভার পৃষ্ঠার ছেঁড়া ১ম অংশ (Litho Top) ও উত্তরপত্র রোল নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে বোর্ড প্রদত্ত করোগেটেড বাক্সে প্যাকেট করে সাদা কাপড়ের মোড়কে পরীক্ষা শেষ হওয়ার অব্যবহিত পর ঐ দিনই ডাকযোগে বোর্ডে নিম্নের নির্দেশনা অনুযায়ী প্রেরণ করতে হবে ঃ

** কাপড়ের মোড়কের উপরে কেন্দ্র কোড,বর্ষ, বিষয়ের নাম ও কোড, পার্সেলের তারিখ, সকালে পরীক্ষা হলে 'সকাল', এবং বিকালে পরীক্ষা হলে 'বিকাল' পাঠযোগ্য মোটা অক্ষরে লিখতে হবে।*

*** নিয়মিত ও অনিয়মিত (নতুন সিলেবাস) এবং অনিয়মিত (পুরাতন সিলেবাস) পরীক্ষার্থীদের উত্তরপত্র ও লিথোটপ আলাদা আলাদা প্যাকেট/বান্ডেল করে বোর্ডে পার্সেল করতে হবে।**

* কোন অবস্থাতেই একাধিক বিষয়/একই বর্ষের/একই বিষয় নতুন ও পুরাতন সিলেবাসের উত্তরত্রের লিথোটপ একত্রে মোড়ক ও পার্সেল করা যাবে না।

(খ) শিরোনামপত্র তৈরি (এইচএসসি বিএম, এইচএসসি ভোক ও ডিপ্লোমা-ইন-কমার্স) ঃ প্রতি বর্ষের প্রতি বিষয়ের প্রতিটি প্যাকেটের জন্য ৪ (চার) কপি করে শিরোনামপত্র তৈরী করতে হবে। এতে অনুচ্ছেদভিত্তিক উপস্থিত, অনুপস্থিত, বহিস্কৃত/অভিযুক্ত পরীক্ষার্থীদের রোল নম্বরসমূহ এবং ভুল বৃত্ত ভরাটকৃত পরীক্ষার্থীদের রোল নম্বরসমূহ স্পষ্টভাবে লিখতে হবে। শিরোনামপত্রের ১ম কপি উত্তরপত্রের ১ম অংশের (Litho Top) প্যাকেটের ভেতর, ২য় কপি ১ম অংশের (Litho Top) করোগেটেড বক্সের বাইরে আঠা দিয়ে লাগাতে হবে। পরীক্ষা শেষে প্রতি বিষয়ের শিরোনামপত্রের এক কপি করে নিয়ে একটি সেট হাজিরা শিটের সাথে বোর্ডের বিএম শাখায় দাখিল করতে হবে। ৪র্থ কপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে। *উল্লেখ্য, উত্তরপত্রের প্যাকেটের ভেতর কোন শিরোনামপত্র দেয়া যাবে না।* প্রয়োজনে হাজিরাসিটের ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

(গ) বহিস্কৃত উত্তরপত্র প্রেরণ (এইচএসসি বিএম, এইচএসসি ভোক ও ডিপ্লোমা-ইন-কমার্স) ঃ বহিস্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র বোর্ড প্রদত্ত বহিস্কার সংক্রান্ত ফরম ১, ২ ও ৩ যথাযথভাবে পূরণ করে সম্পূর্ণ আলাদা প্যাকেটে আবশ্যকীয় সীলগালাসহ ডাকযোগে ঐ দিনই বোর্ডে প্রেরণ করতে হবে। প্যাকেটের উপরে লাল মোটা কালিতে বহিস্কার, বহিস্কৃত বিষয়ের নাম ও কোড, কেন্দ্র, বর্ষ এবং প্রতিষ্ঠান কোড লিখতে হবে। বহিস্কৃত পরীক্ষার্থীর বাতিলকৃত উত্তরপত্রের সাথে অবশ্যই বহিস্কারের প্রমাণাদি (প্রযোজ্য ক্ষেত্রে)

সংযোজন করতে হবে। পরিদর্শীকে বহিস্কারের প্রমাণাদিতে স্বাক্ষর দিয়ে এবং লেখায় মিল থাকলে উত্তরপত্র ও নকলে লাল কালিতে আন্ডার লাইন করে উত্তরপত্রের সাথে সংযোজন করতে হবে।

৩। <u>একাদশ শ্রেণী পরিপূরক ঃ</u>

(ক) **<u>(Litho Top)</u>** <u>ও উত্তরপত্র প্রেরণ</u> ঃ পরিপূরক (নতুন সিলেবাস) ও পরিপূরক (পুরাতন সিলেবাস) পরীক্ষার বিষয়ভিত্তিক উত্তরপত্রের **<u>১ম অংশ (Litho Top) ছিঁড়ে একটি বক্সে ও উত্তরপত্রগুলো একটি বান্ডেল করে একত্রে একটি প্যাকেটে পার্সেল করতে হবে।</u>**

(খ) *প্যাকেটের উপরে একাদশ পরিপূরক এবং বিষয়ের নাম ও কোড, নতুন/পুরাতন সিলেবাস এবং কেন্দ্র কোড স্পষ্ট করে লিখতে হবে।*

(গ) **<u>শিরোনামপত্র তৈরি ও বহিস্কৃত উত্তরপত্র প্রেরণের ক্ষেত্রে দ্বাদশ ও একাদশ শ্রেণীর মত অনুরূপভাবে প্রেরণ করতে হবে (এইচএসসি ভোকেশনাল এর ক্ষেত্রেও প্রযোজ্য)।</u>**

৪। <u>রেজিষ্টার্ড পার্সেল **(RP)** প্রেরণ ঃ</u> ডাকঘরের মাধ্যমে সকল বিষয়ের উত্তরপত্র ও লিথোটপ প্রেরণের সময় ডাকঘর কর্তৃক প্রাপ্ত রেজিষ্টার্ড পার্সেল (RP) এর ফটোকপি (বর্ষ, বিষয় ও তারিখ ফটোকপিতে উল্লেখ পূর্বক) বোর্ডের দশম তলায় হাজিরা শিট ও পরীক্ষার অন্যান্য কাগজপত্রের সাথে জমা দিতে হবে।

৫। **কাপড়ের মোড়কের উপর ঠিকানা ও তথ্যাদির নমুনা ছক ঃ**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

| | |
|---|---|
| পোষ্ট করার তারিখ ঃ ...................................<br>কেন্দ্র কোড ঃ ...................................<br>বর্ষ ঃ...................................<br>বিষয় কোড ঃ ...................................<br>বিষয়ের নাম ঃ...................................<br>সকাল/বিকাল ঃ...................................<br>প্রেরক ঃ<br>কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>কেন্দ্রের নাম ঃ ...........................................<br>উপজেলা ঃ ...........................................<br>জেলা ঃ ........................................... | প্রাপক ঃ<br>পরীক্ষা নিয়ন্ত্রক<br>**দৃঃআঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), ১০ম তলা**<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>আগারগাঁও, শেরে বাংলা নগর<br>ঢাকা-১২০৭ |

৬। অনিবার্য কারণে পরীক্ষার দিন উত্তরপত্র বোর্ডে জমা দিতে/পাঠাতে ব্যর্থ হলে কোন অবস্থাতেই তা কেন্দ্রে সংরক্ষণ করা যাবে না; স্থানীয় থানা/ট্রেজারীতে সংরক্ষণ করতে হবে। বোর্ডে জমাদানের জন্য থানা/ট্রেজারী হতে উত্তরপত্র গ্রহণের ছাড়পত্র সংগ্রহ করে মূল উত্তরপত্রের সাথে এর মূল কপিও জমা দিতে হবে।

৭। পরীক্ষা পরিচালনা সংক্রান্ত -এ সকল নির্দেশাবলী এবং সরকার ও বোর্ড কর্তৃক সময়-সময় জারীকৃত নির্দেশাবলীর আলোকে পরীক্ষা গ্রহণ করতে হবে।

৮। কোন ক্রমেই পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সীলগালাকৃত প্রশ্নপত্রের প্যাকেট পরীক্ষা কক্ষে খোলা যাবেনা।

৯। পরীক্ষার্থীদের কে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কক্ষে আসন গ্রহন নিশ্চিত করতে হবে।

**উপরোক্ত নিয়মাবলি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল। এর ব্যত্যয় ঘটানো কেন্দ্রের ফলাফল প্রকাশে বিঘ্ন ঘটলে তার দায়দায়িত্ব ঐ কেন্দ্রকেই বহন করতে হবে।**

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

**প্রাপক ঃ**
**জেলা প্রশাসক**
**...........................................................**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৫(২১৩৪) তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]
২-৪৬৪। উপজেলা নির্বাহী অফিসার, ..................................................................................
৪৬৫-২১৩২। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ..................................................................
২১৩৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
২১৩৪। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৬ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

**বিষয় ঃ চূড়ান্ত কেন্দ্র তালিকায় অর্ন্তভুক্তি ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ।**

অত্র বোর্ডের অধীন অনুষ্ঠেয় এইচএসসি (বিএম ও ভোক), ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০১৮ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের নিমিত্তে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিম্নোক্ত দায়িত্বসমূহ/নির্দেশনা প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে ঃ

(১) পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রবেশপত্র ও পরীক্ষা সামগ্রী গ্রহণের ছক অনুযায়ী আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশপত্র ও অলিখিত উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য পরীক্ষা সামগ্রী বোর্ড হতে গ্রহণ করতে হবে।

(২) পরীক্ষা সামগ্রী গ্রহণের সময় আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সংখ্যা হিসেব করে একটি চাহিদাপত্র তৈরি করে আনবেন।

(৩) কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের অনলাইনে প্রেরিত তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবহিক (TC ও PC) নম্বরের হার্ড কপি বোর্ডের ১০ম তলায় বিএম শাখায় যথাসময়ে জমা দান নিশ্চিত করবেন।

(৪) এরূপ জমা না দেয়া প্রতিষ্ঠানকে প্রবেশপত্র প্রদান করা যাবে না।

(৫) কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের নিকট বোর্ডের পরীক্ষা সংক্রান্ত বকেয়া পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের আগেই তা পরিশোধ করতে হবে।

(৬) সুষ্ঠুভাবে ব্যবহারিক পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে প্রতি বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক শিক্ষককে তাদের প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য আভ্যন্তরিন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহির থেকে অনাভ্যন্তরিণ পরীক্ষক নিয়োগ করে তাদের দ্বারা পরীক্ষা পরিচালনা করতে হবে।

(৭) ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর নির্ধারিত তারিখে কেন্দ্রাধীন প্রতিষ্ঠানের সকল পরীক্ষার্থীর অন লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বরের (PF) হার্ড কপি ও হাজিরাশিট যথাসময়ে অবশ্যই বোর্ডের ১০ম তলা বিএম শাখায় জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

প্রাপক ঃ
অধ্যক্ষ/পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা
.....................................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৬(৫৩৫) তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]
২-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫-৬৯। জেলা প্রশাসক, ..............................................................
৭০-৫৩২। উপজেলা নির্বাহী অফিসার, ..................................................
৫৩৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫৩৪। চেয়ারম্যান, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫৩৫। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫

C:\Users\HSC_BM\Desktop\Exam. Letter (8).doc

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা
**Web site : www.bteb.gov.bd**


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৭ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

বিষয় ঃ এইচএসসি (বিএম ও ভোক), ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০১৮ এর ভেন্যু নির্বাচন।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ২ এপ্রিল ২০১৮ তারিখ হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএম ও ভোক), ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের চূড়ান্ত পরীক্ষা আরম্ভ হবে।

সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে উক্ত পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্তে নির্বাচিত পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা নিজস্ব প্রতিষ্ঠানের পরিবর্তে নিকটবর্তী যে কোন প্রতিষ্ঠানে ভেন্যু নির্বাচন করে পরীক্ষা গ্রহণের সদয় ব্যবস্থা নিতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল। **নির্বাচিত ভেন্যু বোর্ড কর্তৃক নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিয়ন্ত্রণাধীন থাকবে এবং উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত সকল কাগজপত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমেই বোর্ডে প্রেরণ করতে হবে।**

পরীক্ষা কেন্দ্রের তত্ত্বাবধায়ন এবং প্রতিটি কেন্দ্রের পরীক্ষা পরিদর্শনের জন্য একটি পরিদর্শক দল (ভিজিলেন্স টীম) গঠন ও পরীক্ষা কেন্দ্রের শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য একজন ম্যাজিস্ট্রেট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানান হ'ল।

স্বাক্ষরিত/-
**( ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

প্রাপক ঃ

জেলা প্রশাসক
.....................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৭(১০১০) তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৪-৬। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭-৪৬৯। উপজেলা নির্বাহী অফিসার, .................................................
৪৭০-১০০৮। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ...................................................................
১০০৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করতে অনুরোধ করা হল)।
১০১০। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮
(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

## পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

## এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৮ — তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

**বিষয় ঃ** ২০১৮ সনের এইচএসসি (বিএম ও ভোক), ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের চূড়ান্ত পরীক্ষা পরিচালনা।

আগামী ২ এপ্রিল ২০১৮ তারিখ হতে অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম ও ভোক) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষার জন্য অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানকে পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও আপনাকে উক্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হ'ল। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণকল্পে আপনাকে প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক (ইনভিজিলেটর), অভ্যন্তরীণ/অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক, সাধারণ সহকারি/কর্মচারি ইত্যাদি নিয়োগের এবং পরীক্ষা সমাপ্তির পর নিয়মানুযায়ী কেন্দ্র সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারীদের পারিশ্রমিক পরিশোধের ক্ষমতা অর্পন করা হ'ল।

১. পরীক্ষা কেন্দ্রের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্থানীয় জেলা/উপজেলা ও পুলিশ প্রশাসনের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের হাজিরা শিট, পরীক্ষাসংক্রান্ত তথ্য বিবরণী ও ব্যবহারিক পরীক্ষার চূড়ান্ত নম্বরপত্র সঠিকভাবে, নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে পৌঁছানোর নিমিত্তে বোর্ড কর্তৃক জারীকৃত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি অনুসরণ করার জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হ'ল।

২. প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শির এক চতুর্থাংশ আপনার প্রতিষ্ঠান হতে এবং অবশিষ্ট তিন চতুর্থাংশ পরিদর্শি নিকটবর্তী অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হল। কোন পরিদর্শি তার নিজস্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষে দায়িত্ব পালন করতে পারবেন না।

৩. সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা নিজস্ব কেন্দ্রে/প্রতিষ্ঠানে না করে জেলা/উপজেলা প্রশাসনের সাথে আলোচনা করে নিকটবর্তী যে কোন প্রতিষ্ঠানে ভেন্যু নির্বাচন করে পরীক্ষা গ্রহণ করতে হবে।

৪. **নকলমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নকল প্রতিরোধের সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপনার কেন্দ্র নকলপ্রবণ হিসেবে চিহ্নিত হলে ভবিষ্যতে তা বাতিল হবে। এ ক্ষেত্রে আপনার কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।**

৫. পরীক্ষা কক্ষের আসন ব্যবস্থা ১ বর্গ মিটার দূরত্বে হতে হবে এবং বোর্ড কর্তৃক প্রদত্ত রোল নম্বরের ক্রমানুসারে আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এর কোন ব্যতিক্রম হলে পরবর্তীতে আপনার প্রতিষ্ঠানের কেন্দ্র বাতিল করা হবে।

৬. বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ (ওয়েবসাইটে দেয়া আছে) অনুসরণ করে পরীক্ষা পরিচালনা করতে হবে।

৭. জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থানীয়ভাবে গঠনকৃত ভিজিলেন্স টিম এইচএসসি (বিএম), ডিপ্লোমা-ইন-কর্মাস ও এইচএসসি (ভোক) পরীক্ষার সরেজমিন মনিটরিং-এর দায়িত্বে থাকবেন।

৮। কোন ক্রমেই পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সীলগালাকৃত প্রশ্নপত্রের প্যাকেট পরীক্ষা কক্ষে খোলা যাবেনা।

৯। পরীক্ষার্থীদের কে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কক্ষে আসন গ্রহন নিশ্চিত করতে হবে।

উল্লিখিত ব্যবস্থাপনার যেন ব্যত্যয় না ঘটে সে ব্যাপারে সতর্ক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-

**(ড. সুশীল কুমার পাল)**

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন ঃ ৯১১৩২৮৩

প্রাপক ঃ

অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা

.......................................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৮(৫৩৩) — তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]

২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

৩-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬-৬৯। জেলা প্রশাসক, .......................................................................

৭০-৫৩১। উপজেলা নির্বাহী অফিসার,.........................................................

৫৩২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৫৩৩। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন ঃ ৯১৩৩৪৬৫

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৯ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

বিষয় ঃ <u>এইচএসসি (বিএম), ডিপ্লোমা-ইন-কমার্স ও এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের দ্বাদশ শ্রেণির পরীক্ষা-২০১৮ এর দৈনিক প্রতিবেদন (**Report**) প্রেরণ।</u>

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য মনোনীত কেন্দ্রের **<u>(শুধুমাত্র দ্বাদশ শ্রেণির)</u>** পরীক্ষার্থীর সংখ্যা; উপস্থিত, অনুপস্থিত, বহিস্কৃত পরীক্ষার্থীর সংখ্যা এবং বহিস্কৃত পরিদর্শকের সংখ্যা (যদি থাকে) প্রতিদিন পরীক্ষা শেষ হওয়ার অব্যবহিত পর শিক্ষা মন্ত্রণালয়ে স্থাপিত কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষে পাঠানোর নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের নিম্নেবর্ণিত টেলিফোন, মোবাইল নম্বর ও ই-মেইলে সংশ্লিষ্ট তথ্যাদি জরুরীভিত্তিতে জানানোর/প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিশেষ অনুরোধ করা হ'ল। আপনার অফিসে স্থাপিত পরীক্ষা সংক্রান্ত কন্ট্রোল রুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, টেলিফোন, মোবাইল নম্বর ইত্যাদি কারিগরি শিক্ষা বোর্ডকে জরুরী ভিত্তিতে জানানোর জন্যও অনুরোধ জানাচ্ছি। **উল্লেখ্য, একাদশ শ্রেণির পরীক্ষার্থীর প্রতিবেদন/রিপোর্ট বোর্ডে পাঠানোর প্রয়োজন হবে না।**

মোবাইল ঃ- ০১৭৩২২৯৭৬০৭, ০১৭৩২২৯৭৬০৮
টেলিফোন নম্বর ঃ ৯১৩৩৪৬৫
ই-মেইল ঃ controller@bteb.gov.bd, hannan7212@yahoo.com, mahib29@gmail.com, kmfazal.info@gmail.com

**বিষয়টি অতীব জনগুরুত্বপূর্ণ।**

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

প্রাপক ঃ

জেলা প্রশাসক
.....................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৭৯(১০০৮) তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]
২-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫-৪৬৭। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................................................................
**(আপনার উপজেলার আওতাধীন কেন্দ্রসমূহের প্রতি দিনের উল্লেখিত তথ্যসমুহ জেলা প্রশাসক মহোদয়ের বরাবরে পরীক্ষা সমাপ্তির পর জরুরি ভিত্তিতে জানানোর জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল)**
৪৬৮-১০০৬। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..........................................................................................
**(আপনার কেন্দ্রের প্রতি দিনের উল্লেখিত তথ্যসমুহ জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের নিকট পরীক্ষা সমাপ্তির পর জরুরি ভিত্তিতে জানানোর জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল)**
১০০৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০০৮। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫

C:\Users\HSC_BM\Desktop\Exam. Letter (8).doc

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৮০ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

**বিষয় ঃ ২০১৮ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম ও ভোক), ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সকল পরীক্ষা (তাত্ত্বিক ও ব্যবহারিক) গ্রহণ শেষে অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের সংকলিত তথ্য অনলাইনে বোর্ড বরাবরে প্রেরণের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ করা গেল এবং এর হার্ড কপিও পরবর্তীতে বিএম শাখা (১০ম তলা) হাজিরাশিট জমাদান কালে দাখিল করতে হবে। বহিস্কারের ক্ষেত্রে বোর্ড প্রদত্ত বহিস্কার সংক্রান্ত ফরম ১, ২, ৩ যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রাপক ঃ
কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা
এইচএসসি (বিএম ও ভোক) পরীক্ষা কেন্দ্র-২০১৭
............................................................
............................................................
............................................................।

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৮০(৫৩৩) তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

**সদয় অবগতি নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১-৬৪। জেলা প্রশাসক.......................................................
৬৫-৫৩১। উপজেলা নির্বাহী অফিসার........................................
৫৩২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫৩৩। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮
(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা
ফোন ঃ ০২-৯১৩৩৪৬৫

সংযোজনী-ক
ফরম নং-১

শিক্ষা প্রতিষ্ঠানের নাম ........................................................................................................
........................................................................................................................

# আদেশনামা

(শৃঙ্খলা বিধি ১.৪ হইতে ১.২১ ধারার জন্য প্রযোজ্য)

স্মারক নম্বর.......................................................................................... তারিখ......................
বাংলাদেশ কারিগনি শিক্ষা বোর্ড ২০....................সনের........................................................ পরীক্ষার
পরীক্ষার্থী ........................................................................ রোল নম্বর ........................................
রেজিস্ট্রেশন নম্বর......................................... সেসন......................... ২০............... পরীক্ষাকেন্দ্র হইতে
বিষয়.......................................................................................................................
অংশগ্রহণ করিতেছিল। তাহাকে নিম্ন বর্ণিত অপরাধের জন্য অভিযুক্ত করিয়া পরীক্ষা কক্ষ হইতে............................
তারিখে বেলা......................... টার সময় এই পর্যায়ে বহিস্কার করা হইল।

**অপরাধ/অপরাধসমূহ** ........................................................................................................
........................................................................................................................
........................................................................................................................

অধিকন্ত (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ
(ক) এই পরীক্ষার সংশ্লিষ্ট পরীক্ষার উত্তরপত্রটি বাতিল করিবার সুপারিশ করা হইল।
(খ) পরীক্ষার্থীকে এই পরীক্ষার অবশিষ্ট পরীক্ষা / পরীক্ষাসমূহে অংশগ্রহণ করা হইতে বিরত রাখা হইল।
(গ) পরবর্তী পর্যায়ে আরও শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করা হইবে কি না তাহার জন্য ফরম নং-২ এর মাধ্যমে একটি কারণ দর্শাও বিজ্ঞপ্তি দেওয়া হইল।

(স্বাক্ষর)...........................................
ভারপ্রাপ্ত কর্মকর্তা
........................................ পরীক্ষাকেন্দ্র
............................. পরীক্ষা, ২০.........
(সীলমোহর)

তারিখ ঃ..........................................................

স্মারক নম্বর ঃ

তারিখ ঃ...........................................

প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। সংশ্লিষ্ট পরীক্ষার্থী ................................................
২। পরীক্ষাকেন্দ্রের নোটিশ বোর্ড।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

(স্বাক্ষর)...........................................
ভারপ্রাপ্ত কর্মকর্তা
........................................ পরীক্ষাকেন্দ্র
............................. পরীক্ষা, ২০.........
(সীলমোহর)

তারিখ ঃ.............................................

সংযোজনী-খ
ফরম নং-২

শিক্ষা প্রতিষ্ঠানের নাম ........................................................................................................
........................................................................................................................................
স্মারক নম্বর..................................................................................... তারিখ.....................................

প্রাপক ঃ

নাম.........................................................................................................................................
রোল নম্বর........................................... রেজিস্ট্রেশন নম্বর................................ সেসন...........
টেকনোলজি/ট্রেড/কোর্স..........................................................................................................
যেহেতু তুমি................................................. তারিখে........................................ পরীক্ষাকেন্দ্রে
২০........সনের.........................................................................................................পরীক্ষায়
.............................................................................................বিষয়ের পরীক্ষা চলাকালীন সময়ে

নিম্নবর্ণিত অপরাধ করিয়াছ.........................................................................................................
..........................................................................................................................................
..........................................................................................................................................
..........................................................................................................................................

এবং যেহেতু সমন্বিত শৃঙ্খলাবিধি ও উপবিধি অনুযায়ী তোমার প্রতি আরও শাস্তি আরোপ করা যাইতে পারে, সেহেতু নিম্ন স্বাক্ষারকারীর অফিনের স্মানক নং................................................... তারিখ........................এ ফরম নং-১ এর মাধ্যমে যে ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে তাহার অতিরিক্ত আরও শাস্তিমূলক ব্যবস্থা কেন গ্রহণ করা হইবে না তাহা এই পত্র প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে লিখিতভাবে জানাইবার জন্য তোমাকে নির্দেশ দেওয়া যাইতেছে।

যদি নির্ধারিত সময়ের মধ্যে তোমার নিকট হইতে কোনরূপ উত্তর পাওয়া না যায় তাহা হইলে ধরিয়া লওয়া হইবে যে, এই বিষয়ে তোমার কোন বক্তব্য নাই এবং কোনরূপ যোগাযোগ ব্যতিরেকেই সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

(স্বাক্ষর)..............................................
ভারপ্রাপ্ত কর্মকর্তা
....................................... পরীক্ষাকেন্দ্র
............................. পরীক্ষা, ২০..........
(সীলমোহর)

সংযোজনী-গ
ফরম নং-৩

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭

## পরীক্ষায় অসদুপায় অবলম্বনের চেষ্টা অথবা পরীক্ষার নিয়ম-নীতি বা শৃঙ্খলা ভঙ্গের জন্য পরীক্ষার্থীর বিরুদ্ধে গোপনীয় প্রতিবেদন।

(প্রতি পরীক্ষার্থীর জন্য পৃথক ফরমে নিম্নোক্ত সকল তথ্য সরবরাহ করিতে হইবে)

১। পরীক্ষার নাম.................................................................................................... সন......................
২। পরীক্ষাকেন্দ্রের নাম............................................................................................................
৩। পরীক্ষার্থীর নাম..................................................................................................................
৪। পরীক্ষার্থীর রোল নম্বর...........................................................................................................
৫। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর.................................................................... সেসন..................................
৬। পরীক্ষার বিষয়ের নাম............................................................................................................
৭। অসদুপায় সনাক্তকরণের সময় ও তারিখ.........................................................................................
৮। অসদুপায়ের ঘটনার সনাক্তকারী কর্মকর্তা/শিক্ষকের নাম ও পদবী.............................................................
..............................................................................................................................................
৯। ঘটনার বিস্তারিত বিবরণ ঃ
(নকল করা অবস্থায় ধরা হইয়াছে অথবা শুধুমাত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গিয়াছে,কোন স্থান হইতে নকল পাওয়া গিয়াছে এবং নকল ব্যবহার করিতে পারিয়াছে কিনা ?)...........................................................
..............................................................................................................................................
১০। পরীক্ষার্থীর নিকট হইতে নকলের কাগজ জমা লইবার সময় বাধা প্রদান অথবা উহা প্রদানের নির্দেশ অগ্রাহ্য অথবা অসদাচরণ করিয়াছিল কিনা ? করিয়া থাকিলে তাহার বিস্তারিত বর্ণনা ঃ.................................................................
..............................................................................................................................................
১১। ঘটনা ও পারিপার্শ্বিক অবস্থা সম্পর্কে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সুনির্দিষ্ট অভিমত.......................................
..............................................................................................................................................
..............................................................................................................................................
১২। ঘটনার পরবর্তী পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেওয়া হইয়াছিল কিনা ? ..................................................
..............................................................................................................................................
১৩। কোন তারিখে ও কোন পদ্ধতিতে অসদুপায় অবলম্বনের দায়ে গৃহিত উত্তরপত্র বোর্ড প্রেরিত হইয়াছে ঃ..................................
..............................................................................................................................................
(অসদুপায় অবলম্বনকারীর উত্তরপত্রটি সংশিণ্টষ্ট প্রশ্নপত্র এবং আনুষঙ্গিক দলিলাদি ও মন্তব্য পৃথক প্যাকেটে ইনসিওরকৃত পার্শ্বেলযোগে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করিতে হইবে। হইা কোনক্রমেই অন্যান্য উত্তরপত্রের সহিত মিশানো যাইবে না)
১৪। (কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর.........................................................................................

---

## (পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পূরণযোগ্য)

১৫। পরীক্ষা পরিষদের (শৃঙ্খলা কমিটি) অধিবেশনে উপস্থাপনের তারিখ..................................................................
১৬। পরীক্ষা পরিষদের (শৃঙ্খলা কমিটি) সুপারিশ......................................................................................

পরীক্ষা নিয়ন্ত্রক

সংযোজনী-ঘ
ফরম নং-৪

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭

## অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের অনুমতির আবেদন

১। পরীক্ষার্থীর নাম.................................................................................................
২। রেজিস্ট্রেশন নম্বর.......................................................... সেসন.......................................
৩। শিক্ষা প্রতিষ্ঠানের নাম...........................................................................................
৪। যে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক.................................................................................
৫। প্রযুক্তিবিদ্যা / বিভাগ / ট্রেড.......................................................................................
৬। সর্বশেষ যে পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছেন ঃ ....................................................................

(ক) পরীক্ষার্থীর নাম ঃ ....................................................................................

(খ) পরীক্ষার সন ও পর্ব ঃ ....................................................................................

(গ) পরীক্ষা অনুষ্ঠানের মাস,বৎসর ঃ ....................................................................................

(ঘ) ঐ পরীক্ষার রোল নম্বর ঃ ....................................................................................

৭। অকৃতকার্য বিষয়ের নাম

(ক) লিখিত বিষয় ঃ ....................................................................................
....................................................................................
....................................................................................
....................................................................................
....................................................................................

(খ) ব্যবহারিক বিষয় ঃ ....................................................................................
....................................................................................

(গ) সেশনাল/ধারাবহিক বিষয় ঃ ....................................................................................
....................................................................................

৮। যে পরীক্ষায় অংশগ্র ণের জন্য আবেদন করা হইল, তাহার নাম ................................................
.................................................বৎসর ঃ................................................ পর্ব ঃ...............................

৯। (ক) ব্যাংক ড্রাফট নম্বর ........................................................ তারিখ ..........................
টাকা (অংকে)........................... (কথায়)........................................................................

(খ) ব্যাংকের নাম ........................................................ শাখা...........................................

আবেদনকারীর স্বাক্ষর

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএম) শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
**Website : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৮১ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

বিষয় ঃ এইচএসসি (বিএম ও ভোক), ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০১৮ এর ভেন্যু সংক্রান্ত তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ০২-০৪-২০১৮ তারিখ হতে অনুষ্ঠিতব্য ২০১৮ সনের এইচএসসি (বিএম), ডিপ্লোমা-ইন-কমার্স ও এইচএসসি (ভোক) একাদশ ও দ্বাদশ শ্রেনীর বোর্ড সমাপনী পরীক্ষার ভেন্যু সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক নির্বাচন করে থাকেন। **নির্বাচিত ভেন্যুর যাবতীয় তথ্যাবলী নিম্মোক্ত ছক অনুসারে পূরণ করে** পরীক্ষা নিয়ন্ত্রক, দৃষ্টি আকর্ষণ ঃ- উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম) **বরাবর আগামী ২০-০৩-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি বোর্ডের ১০ম তলা বিএম শাখায় প্রেরণ এবং একটি সফট্ কপি (doc.) ফাইল আকারে hannan7212@yahoo.com, kmfazal.info@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণ করার প্রয়োজনীয়** ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

| ক্রঃ নং | কেন্দ্র কোড | কেন্দ্রের নাম, ঠিকানা, কেন্দ্র সচিবের মোবাইল নং ও ইমেইল ঠিকানা | কেন্দ্রাধীন প্রতিষ্ঠানের নাম, কোড, ঠিকানা ও মোবাইল নম্বর | ভেন্যুর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | ভেন্যুর অধীন প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন ঃ ৯১১৩২৮৩

প্রাপক ঃ
অধ্যক্ষ/পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা
......................................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩০.১৮.৮১(৫৩৪) তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)।]
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬-৬৯। জেলা প্রশাসক, ........................................................................
৭০-৫৩১। উপজেলা নির্বাহী অফিসার,.........................................................
৫৩২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৫৩৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
৫৩৪। সংশ্লিষ্ট নথি।

২৫/০২/২০১৮
(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫

C:\Users\HSC_BM\Desktop\Exam. Letter (8).doc